

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ৪, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
অধিশাখা-৬
প্রজ্ঞাপন

তারিখ, ০৪ জ্যৈষ্ঠ ১৪২১ বঙ্গাব্দ/১৮ মে ২০১৪ খ্রিস্টাব্দ

নং ৪০.০০.০০০০.০১৬.৩৪.০০২.১১-৫৯—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩২৪ এর উপ-ধারা (১) ও উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে Linde (BOC) Bangladesh Limited এর ঢাকা, চট্টগ্রাম ও নারায়ণগঞ্জে অবস্থিত কারখানাসমূহকে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১০৪ ও ধারা ১০৮ প্রতিপালন সাপেক্ষে ধারা ১০০, ১০১, ১০২, ১০৩, ১০৫, ও ১১৪(১) এর প্রয়োগ হইতে নিম্নবর্ণিত শর্তে ০১ জুন/২০১৪ হইতে ৩০ নভেম্বর/২০১৪ পর্যন্ত ৬ (ছয়) মাসের জন্য অব্যাহতি প্রদান করিল :

শর্তাবলী :

- (১) কোন শ্রমিককে দিয়া সপ্তাহে ৬০ (ষাট) ঘন্টার বেশী কাজ করানো যাইবে না।
- (২) অতিরিক্ত কাজের জন্য স্বাভাবিক মজুরীর দ্বিগুন হারে মজুরী প্রদান করিতে হইবে।
- (৩) প্রত্যেক শ্রমিককে পর্যায়ক্রমে প্রতি সপ্তাহে ০১(এক) দিন করিয়া সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে।
- (৪) কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাইবে।

২। ইহা ১৮ জ্যৈষ্ঠ ১৪২১ বঙ্গাব্দ/০১ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মহিউদ্দিন আহমেদ খান

উপসচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৪১২১)

মূল্য : টাকা ৪.০০